

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 10-06-2024
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Oath talking-1:

দেশের প্রধানমন্ত্রী হিসেবে টানা তৃতীয়বারের জন্য শপথ নিলেন নরেন্দ্র মোদী। গতকাল সন্ধ্যায় রাষ্ট্রপতি ভবনে মনোজ্ঞ অনুষ্ঠানে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু প্রধানমন্ত্রী পদে নরেন্দ্র মোদীকে শপথ বাক্য পাঠ করান ।

Byte

পরে রাষ্ট্রপতি মন্ত্রিসভার অন্যান্য সদস্যদেরও শপথ বাক্য পাঠ করান । গতকাল পূর্ণমন্ত্রী হিসেবে ৩০ জন শপথ নিয়েছেন । পূর্ণমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন রাজনাথ সিং, অমিত শাহ, নীতিন জয়রাম গড়করি, জগত প্রকাশ নাড্ডা, শিবরাজ সিং চৌহান, নির্মলা সীতারামন, এস. জয় শংকর, মনোহর লাল খট্টর, কুমারস্বামী, পিযুষ গোয়েল, ধর্মেন্দ্র প্রধান, জিতন রাম মাঝি, লালন সিংহ, সর্বানন্দ সনোয়াল, ড: বীরেন্দ্র কুমার, কে রামমোহন নাইডু, প্রহ্লাদ যোশী, জুয়েল ওরাণ্ড, গিরিরাজ সিং, অশ্বিনী বৈষ্ণব, জ্যোতিরাদিত্য সিন্দিয়া, ভূপেন্দ্র যাদব, গজেন্দ্র সিং শেখাওয়াত, অন্নপূর্ণা দেবী, কিরণ রিজিজু , হরদীপ সিং পুরী, মনসুখ মান্ডবিয়া, জি কিষন রেড্ডি, চিরাগ পাসোয়ান, সি. আর পাতিল। এছাড়া, স্বাধীন দায়িত্ব প্রাপ্ত হিসাবে ৫ জন রাষ্ট্রমন্ত্রী এবং ৩৬ জন প্রতিমন্ত্রী হিসাবে শপথ নিয়েছেন ।

* * * * *



Homage :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল সকালে নতুন দিল্লিতে রাজঘাটে গিয়ে জাতির জনক মহাত্মা গান্ধীর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন । তিনি সঁদৈব অটল-এ গিয়ে প্রাক্তন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ীর প্রতিও শ্রদ্ধা জ্ঞাপন করেন। প্রধানমন্ত্রী মোদী জাতীয় যুদ্ধ স্মারক-এ পুষ্পার্ঘ্য নিবেদন করে শহিদ বীর সেনানীদের শ্রদ্ধা জানান ।

NEET-UG:

কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রনালয় NEET-আন্ডার গ্রেজুয়েট জাতীয় যোগ্যতামান প্রবেশিকা পরীক্ষায় একই সঙ্গে ১৫০০ প্রার্থীর প্রেস নান্বারের বিষয়টি পর্যালোচনা করতে চার সদস্যের একটি কমিটি গঠন করেছে। এক সাংবাদিক সম্মেলনে National Testing Agency NTA-র ডিরেক্টর জেনারেল সুবোধ কুমার সিং জানান, UPSC-র প্রাক্তন চেয়ারম্যান-এই কমিটির নেতৃত্বে থাকবেন । কমিটিকে এক সপ্তাহের মধ্যে রিপোর্ট জমা দিতে বলা হয়েছে । তিনি বলেন পরীক্ষার্থীদের ফলাফল অবশ্যই সংশোধন করা উচিত।

ADC Job interview cancelled:

ADC-র Subzonal Development officer এবং Deputy Principal-এর মোট ১১০ টি পদে লোক নিয়োগে প্রশ্ন ফাসের অভিযোগে পরীক্ষা স্থগিতের ঘটনার নিন্দা করা হয়েছে । All India Democratic Organisations AIDYO-র পক্ষ থেকে

এক বিবৃতিতে এই ঘটনায় জড়িতদের অবিলম্বে গ্রেপ্তারের দাবি জানানো হয়েছে ।

A.R.D.D:

অধিক দুগ্ধ উৎপাদনের লক্ষ্যে উত্তর-পূর্বাঞ্চল পর্ষদ বা N.E.C এর অর্থানুকূলে উনকোটি জেলার মোট ত্রিশজন সুবিধাভোগীকে উন্নত জাতের সংকর জাতীয় গাভী দেওয়া হবে।

প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের উপ-অধিকর্তা ডাঃ সঞ্জয় অধিকারি জানান, বর্হির্রাজ্য থেকে গাভী গুলিকে আনা হবে। সুবিধাভোগীদের বিনামূল্যে গাভী দেবার পাশাপাশি গাভী পালনের ঘর ও গো-খাদ্য সরবরাহ করা হবে। এক্ষেত্রে প্রত্যেক সুবিধাভোগীদের জন্য অর্থরাশি ব্যয় হবে নব্বুই হাজার টাকা করে।

জাতীয় যোগাসন :

৪৩তম জাতীয় যোগা চ্যাম্পিয়নশিপ আগামী বছরের ৪ থেকে ৬ জানুয়ারি আগরতলায় হবে। সর্বভারতীয় যোগা ফেডারেশনের চার সদস্যের প্রতিনিধিরা রাজ্য সফরে এসে এই ঘোষণা দেন। প্রতিনিধিরা প্রতিযোগিতার বিভিন্ন স্থান পরিদর্শন করেন। পরে গতকাল আগরতলা প্রেস ক্লাবের এক সাংবাদিক সম্মেলনে এবিষয়ে বিস্তারিত জানান। জাতীয় স্তরের এই আয়োজনে দেশের বিভিন্ন রাজ্যের যোগা খেলোয়াড় এবং অফিসিয়ালরা অংশগ্রহণ করবেন বলেও প্রতিনিধিরা জানান।

বিশ্ব দাবায় অর্শিয়া:

গুজরাটে অনুষ্ঠিত বিশ্ব জুনিয়র মেয়েদের দাবা
প্রতিযোগিতার সপ্তম রাউন্ডে অনবদ্য জয় পেলো রাজ্যের
আন্তর্জাতিক দাবাড়ু অর্শিয়া দাস। গতকাল অনুষ্ঠিত খেলায়
জার্মানির দাবাড়ু পেগলাউ চেরিসকে হারিয়ে দেয় মহিলা

ক্যান্ডিডেট মাস্টার আর্শিয়া। ফলে ৭ রাউন্ডের শেষে সাড়ে ৪ পয়েন্ট সংগ্রহ করে।

Weather:

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র বিদ্যুৎসহ হালকা থেকে মাঝারি ধরনের দু-এক পশলা বৃষ্টি হতে পারে। সঙ্গে কোথাও কোথাও ঝড়ো হাওয়াও বয়ে যেতে পারে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রির কাছাকাছি। বৃষ্টি হয় নি।
